দৈনিক
ইনকিলাব

তারিখ ... 13 NOV 2007
পৃষ্ঠা ৫ কলাম ৩

*ছাত্রীদের পড়া থাকা খাওয়া ফ্রী*

# আদর্শ ইসলামী মিশন মহিলা কামিল মাদ্রাসায় ভর্তি কার্যক্রম-সম্পন্নের তাগিদ

স্টাফ রিপোর্টার ঃ ঢাকার মোহাম্মদপুর লালমাটিয়াস্থ আদর্শ ইসলামী মিশন মহিলা কামিল মাদ্রাসার কেন্দ্রীয় এন্তেজামিয়া কমিটির সভায় মাদ্রাসার ভর্তি পরিস্থিতি, উন্নয়ন এবং লেখাপড়ার অধিক মান অর্জনের লক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মাদ্রাসার প্রিন্সিপাল আল্লামা সৈয়দ মাহবুবুর রহমান (পীর ছাহেব, জৈনপুরী)। সভায় প্রধান অতিথি ছিলেন মাদ্রাসা ও এতিমখানার প্রধান উপদেষ্টা বিচারপতি আলহাজ্ব সৈয়দ মোঃ আনোয়ার হোসেন। বিশেষ অতিথি ছিলেন শাহ সূফী মোঃ শফিকুল ইসলাম চৌধুরী, হাজী আবদুস সাত্তার, শিল্পপতি আলহাজ্ব মোঃ জাহাঙ্গীর আলম ও আলহাজ্ব মোঃ রুহুল আমীন। সভায় অত্র মাদ্রাসায় ফাজিল (ডিগ্রী) ও কামিল (মাস্টার্স) শ্রেণীতে ভর্তি হতে আগ্রহী এতিম, গরীব ও মেধাবী ছাত্রীদের ভর্তির ক্ষেত্রে বিনামূল্যে খাদ্য, ড্রেস ও থাকার ব্যবস্থা অব্যাহত রাখার সিদ্ধান্ত নেয়া হয়। সভায় চলতি মাসের মধ্যেই ভর্তি সম্পন্ন করে নিয়মিত পাঠদান কার্যক্রম চালুর ওপর গুরুত্ব দেয়া হয়। সভায় দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির কারণে মাদ্রাসা এবং এতিমখানার আর্থিক সংকটের বিষয় পর্যালোচনা শেষে পরিস্থিতি সামাল দিতে কমিটির সদস্যগণসহ বিত্তবান এবং মুরিদদের অর্থ সহায়তার পাশাপাশি আগামী ঈদুল আজহার কোরবানীর চামড়া মাদ্রাসা এবং এতিমখানায় দান করার আহ্বান জানানো হয়। সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ভাইস প্রিন্সিপাল আলহাজ্ব ক্বারী রওশন আরা নূরীসহ মাওলানা মোঃ জাহাঙ্গীর আলম, মাওলানা ডাঃ আবদুস সবুর কামাল, ডাঃ বিশ্বাস শাহীন হাসান, ডাঃ আলহাজ্ব মাহমুদুল হাসান সরদার, এডভোকেট দেলোয়ার হোসেন ভুঞা, এডভোকেট আবদুস সাত্তার, তোফাজ্জল হোসেন, মাওলানা তোজাম্মেল হক ও আবদুল করীম ফুয়াদ।